# এসএমই নীতিমালা ২০১৯

# অধ্যায়-১: ভূমিকা

এসএমই খাত দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি তথা দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গত ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে এসএমই নীতিমালা-২০১৯ এর গেজেট প্রকাশিত হয়েছে।

- কুটির শিল্পসহ প্রায় **৭৮** লাখ অতি ক্ষুদ্র (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি (এমএসএমই) শিল্প প্রতিষ্ঠান রয়েছে।
- জিডিপিতে এসএমই খাতের অবদান প্রায় **২৫** শতাংশ (এডিবি ২০১৫)।
- জাতীয় শিল্পনীতি ২০১৬, নির্বাচনী অঙ্গীকার, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রূপকল্প ২০২১, ২০২৪ সালে সফলভাবে এলডিসি উত্তরণ, এসডিজি ২০৩০ এবং রূপকল্প ২০৪১-এ উল্লিখিত সাফল্য অর্জনে এসএমই খাত গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে পারে।

# অধ্যায়-২: ভিশন, মিশন এবং লক্ষ্য

**রুপকল্প (ভিশন)**

এসএমই খাতকে শক্তিশালীকরণ

**অভিলক্ষ্য (মিশন)**

দক্ষতা বৃদ্ধি, ব্যবসা পরিবেশ উন্নয়ন, সুলভ অর্থায়ন, বাজার সুবিধা, প্রযুক্তি ও উদ্ভাবনগত সামর্থ্য বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে এসএমই খাতকে শক্তিশালীকরণ

**লক্ষ্য**

**২০২৪** সালের মধ্যে জাতীয় আয়ে (জিডিপি) এসএমই খাতের অবদান বিদ্যমান **২৫ শতাংশ থেকে ৩২ শতাংশে** উন্নীতকরণ

# উদ্দেশ্য

১। **টেকসই পরিবেশবান্ধব** এসএমই খাতের উন্নয়ন নিশ্চিতকরণ

২। **অবকাঠামো ও ক্লাস্টার উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন** এবং **আর্থিক ও অ-আর্থিক সেবা প্রদানে** সহায়ক নীতি প্রণয়ন

৩। **প্রাতিষ্ঠানিক অর্থায়ন** প্রাপ্তির সুযোগ বৃদ্ধি, **আইসিটিভিত্তিক প্রযুক্তি গ্রহণ** ও ব্যবহার, **উৎপাদনশীলতার** কৌশল উন্নয়ন, **পণ্যের বাজারজাতকরণে** সহায়তাকরণ, বৃহৎ শিল্পের সাথে এসএমই দের **সংযোগ স্থাপন** এবং **আইনী ও প্রাতিষ্ঠানিক কাঠামো** শক্তিশালীকরণ

৪। সরকারি-বেসরকারি অংশীদারিত্ব **(পিপিপি) প্রতিষ্ঠা**, নতুন এসএমই উদ্যোগ সৃষ্টি **(স্টার্ট আপ)** এবং **সরকারি নীতি ও বিধি-বিধান** যুগোপযোগী করা

৫। **প্রতিযোগিতা সক্ষমতা এবং উদ্ভাবনীমূলক** সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে **গবেষণা ও উন্নয়ন** কার্যক্রম বৃদ্ধি ও জোরদারকরণ

৬। এসএমই খাতে বিরাজমান ও উদ্ভূত সমস্যাসমূহ সমাধানের নিমিত্ত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, সংস্থা এবং বাণিজ্য সংগঠনকে **একক প্ল্যাটফর্মে** নিয়ে আসার লক্ষ্যে কার্যকর **সমন্বিত ব্যবস্থা** গড়ে তোলা।

# এসএমই খাতের বর্তমান অবস্থা

- সরকার কর্মসংস্থান সৃষ্টি, আয় বৃদ্ধি, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন তথা **দারিদ্র্য বিমোচন এবং সামাজিক অগ্রগতি আনয়নে** এসএমই খাতের অবদানকে স্বীকৃতি দিয়েছে
- সারাদেশে **৭.৮** মিলিয়ন অর্থনৈতিক প্রতিষ্ঠান রয়েছে (কুটির- ৮৭.৫২%, মাইক্রো- ১.৩৩%, ক্ষুদ্র- ১০.৯৯%, মাঝারি- ০.০৯%, বৃহৎ- ০.০৭%)
- দেশের মোট অর্থনৈতিক প্রতিষ্ঠানের প্রায় **৯৯** শতাংশই এসএমই খাতের অন্তর্ভুক্ত (কুটিরসহ)
- এসএমই খাতে (কুটির শিল্পসহ) প্রায় **২১** মিলিয়ন জনবল প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মরত আছে
- এ সকল প্রতিষ্ঠান **৭০-৮০%** শিল্প কর্মসংস্থানের ব্যবস্থা করে থাকে
- শতকরা **৭০** ভাগ এসএমই প্রতিষ্ঠান পল্লী এলাকায় (rural area) অবস্থিত

*[**উৎস:** বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১৩]*

# উল্লেখযোগ্য এসএমই খাত

## উচ্চ অগ্রাধিকার খাত

১। কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২। তৈরী পোষাক শিল্প
৩। আইসিটি/সফট্ওয়্যার শিল্প
৪। ঔষধ শিল্প
৫। চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৬। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প
৭। পাট ও পাটজাত শিল্প

## অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ

১। প্লাস্টিক শিল্প
২। পরিবেশসম্মত জাহাজ পুন:প্রক্রিয়াকরণ শিল্প
৩। পর্যটন শিল্প
৪। হিমায়িত মৎস্য শিল্প
৫। হোম টেক্সটাইল সামগ্রী শিল্প
৬। নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার ও উইন্ড মিল)
৭। অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
৮। হস্ত ও কারুশিল্প
৯। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি/ইলেকট্রনিক যন্ত্রপাতি নির্মাণ/ইলেকট্রনিক মেটেরিয়াল উন্নয়ন
১০। জুয়েলারী
১১। খেলনা
১২। প্রসাধনী ও টয়লেট্রিজ
১৩। ভেষজ ঔষধ শিল্প
১৪। আগর শিল্প
১৫। আসবাবপত্র শিল্প
১৬। হাসপাতাল ও ক্লিনিক

*[**উৎস:** জাতীয় শিল্পনীতি-২০১৬]*

# নীতিমালায় অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়সমূহ

১। অর্থ প্রাপ্তির সুযোগ (Access to Finance)

২। প্রযুক্তি ও উদ্ভাবনের সুযোগ (Access to Technology & Innovation)

৩। বাজার প্রবেশের সুযোগ (Access to Market)

৪। উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ (Access to Education & Training)

৫। ব্যবসা সহায়ক সেবা প্রাপ্তির সুযোগ (Access to Business Support Services)

৬। প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির সুযোগ (Access to Information)

# এসএমই নীতিমালা-২০১৯ এর অনন্যতা (Uniqueness)

- **১১টি সুনির্দিষ্ট কৌশল** নির্ধারণ করা হয়েছে
- **নিয়ন্ত্রণের চেয়ে উন্নয়নের ওপর** গুরুত্ব দেওয়া হয়েছে
- সাধারণ কার্যক্রমের পাশাপাশি **সুনির্দিষ্ট কার্যক্রমের** ওপর বেশি জোর দেওয়া হয়েছে
- সময়াবদ্ধ কর্মপরিকল্পনা **(জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪)** অন্তর্ভুক্ত করা হয়েছে
- সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে **সমন্বিতভাবে** কার্যক্রম পরিচালনার ওপর জোর দেওয়া হয়েছে

# নীতিমালা বাস্তবায়নে কৌশলগত লক্ষ্য

এসএমই নীতিমালা ২০১৯ এ বর্ণিত ভিশন, মিশন, লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে দেশের এসএমই খাতের উন্নয়নে নিম্নোক্ত **১১ টি কৌশলগত লক্ষ্য** নির্ধারণ করা হয়েছে:

১। ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর উন্নতিসাধন

২। প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তিতে এসএমই খাতের সুযোগ বৃদ্ধি

৩। প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং এসএমই পণ্য বা সেবার বাজার প্রবেশে সহায়তা

৪। এসএমই ব্যবসা সহায়ক সেবা, স্বল্প ব্যয় ও স্বল্প সময়ে স্টার্ট-আপ সহায়তা প্রদান

৫। এসএমই ক্লাস্টারভিত্তিক বিজনেস নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ

৬। আইসিটি ও অন্যান্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি

৭। উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির প্রসার

৮। নারী উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদান

৯। এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে প্রতিষ্ঠা এবং এসএমই পণ্যের সুরক্ষা প্রদান

১০। পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা এবং বর্জ্য ব্যবস্থাপনায় এসএমই দের সক্ষমতা উন্নয়ন; এবং

১১। এসএমই পরিসংখ্যানকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা

# অধ্যায়-৩: প্রয়োগ ও পরিধি

- জিডিপিতে এসএমই খাতের কাঙ্ক্ষিত **অবদান বৃদ্ধি ও দারিদ্র্য নিরসনের নিমিত্ত সরকারি ও ব্যক্তিখাতের সমন্বিত প্রচেষ্টার** ওপর জোর দেওয়া হয়েছে
- জাতীয় শিল্পনীতি ২০১৬ এবং তদপরবর্তী প্রণীত শিল্পনীতিতে সংজ্ঞায়িত **কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প** এসএমই নীতিমালা ২০১৯ এর আওতাভুক্ত হবে
- পরবর্তী এসএমই নীতিমালা প্রণীত না হওয়া পযন্ত এ নীতিমালার **কার্যকারিতা** অব্যাহত থাকবে তবে **সময়াবদ্ধ কর্মপরিকল্পনা** সময়ে সময়ে পরিবর্তন এবং পরিবর্ধন করা যাবে

# অধ্যায়-৪: নীতি কৌশল পরিবীক্ষণ ও মূল্যায়ন

## জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ (এনএসডিসি)

- এসএমই উন্নয়নে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে **সর্বোচ্চ নীতি নির্ধারণী** কমিটি
- **মাননীয় শিল্পমন্ত্রী ৩৩ সদস্য বিশিষ্ট** এ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন
- শিল্প মন্ত্রণালয়ের **সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব** সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন

## জাতীয় এসএমই টাস্কফোর্স

- শিল্প মন্ত্রণালযের **সিনিয়র সচিব/সচিব ২৩ সদস্য বিশিষ্ট** এসএমই টাস্কফোর্সের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন
- শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখার **সংশ্লিষ্ট যুগ্মসচিব** সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন

## ওয়ার্কিং কমিটি

- এসএমই খাতের উন্নয়নের জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর কয়েকটি ওয়ার্কিং কমিটি গঠন করা হবে
- এসএমই টাস্কফোর্সের সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে ওয়ার্কিং কমিটিসমূহের সদস্য নির্ধারণ করা হবে

## কারিগরি কমিটি

- এসএমই অধিশাখার দায়িত্বপ্রাপ্ত **অতিরিক্ত সচিব** এর নেতৃত্বে বিষয়ভিত্তিক পর্যালোচনা ও সুনির্দিষ্ট প্রস্তাব/সুপারিশ প্রণয়নের জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক এক বা একাধিক কারিগরি কমিটি গঠন করা হবে

# জাতীয় এসএমই টাস্কফোর্স

- এসএমই নীতিমালা-২০১৯ এ প্রস্তাবিত উদ্যোগসমূহের অগ্রাধিকার নির্ধারণ ও কর্মপরিকল্পনা পর্যালোচনা করার কার্যকরী কমিটি হচ্ছে জাতীয় এসএমই টাস্কফোর্স
- প্রতি তিনমাস অন্তর জাতীয় এসএমই টাস্কফোর্সের সভা অনুষ্ঠিত হবে
- এসএমই খাতের বর্তমান ও ভবিষ্যৎ অনুসন্ধান এবং প্রতি **পাঁচ বছর অন্তর** এসএমই নীতিমালা হালনাগাদকরণের দায়িত্ব টাস্কফোর্সের ওপর ন্যস্ত থাকবে
- নীতিমালা পযালোচনা, পুনর্মূল্যায়ণ এবং বিদ্যমান পদক্ষেপসমূহের সমন্বয়ের বিষয়ে সিদ্ধান্ত নিবে টাস্কফোর্স
- টাস্কফোর্স প্রয়োজনীয় ব্যক্তি বা সংস্থা প্রধানকে **কো-অপ্ট** বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে

# জাতীয় এসএমই টাস্কফোর্স

**কর্মপরিধি**

১। ওয়ার্কিং কমিটিসমূহ প্রদত্ত সুপারিশমালা পর্যালোচনা, পদক্ষেপ গ্রহণ এবং **এনএসডিসিকে সুপারিশ** প্রদান

২। শিল্প মন্ত্রণালয়, বিসিক, বাংলাদেশ ব্যাংক, এসএমই ফাউন্ডেশন ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ড পর্যালোচনা ও পুনর্মূল্যায়ণ

৩। এসএমই তথ্যভান্ডার ও শুমারীর অগ্রগতি এবং বাংলাদেশের অর্থনীতিতে এসএমই খাতের অবদান পর্যালোচনা

৪। প্রাতিষ্ঠানিক সংস্কারের সুপারিশ, **এসএমই উন্নয়ন তহবিল এবং বাজেট বরাদ্দের** উৎস চিহ্নিতকরণ

৫। অংশীজনদের মধ্যে সমন্বয় সাধন এবং বিরাজমান **মতপার্থক্য** নিরসণ

৬। বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের **ফোকাল পয়েন্ট** কর্মকর্তা নির্ধারণ

# এসএমই নীতিমালা ২০১৯ বাস্তবায়নে ওয়ার্কিং কমিটি

**<u>সাতটি (৭) ওয়ার্কিং কমিটি</u>**

১। ব্যবসা পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি

২। এসএমই দক্ষতা উন্নয়ন কমিটি

৩। এসএমই অর্থায়ন সংক্রান্ত কমিটি

৪। আইসিটি ও প্রযুক্তি উন্নয়ন সংক্রান্ত কমিটি

৫। এসএমই পণ্য বাজারজাতকরণ সংক্রান্ত কমিটি

৬। নারী উদ্যোক্তা উন্নয়ন সংক্রান্ত কমিটি

৭। পলিসি অ্যাডভোকেসি, গবেষণা ও এসএমই তথ্য ভান্ডার/ডেটাবেইজ সংক্রান্ত কমিটি

# অধ্যায়-৫: সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

**বাস্তবায়নকাল:** জুলাই ২০১৯ থেকে জুন ২০২৪

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | কার্যক্রম সংখ্যা (১৩৬ টি) | | |
|---|---|---|---|---|
| | | স্বল্পমেয়াদী (১ বছর) | মধ্যমেয়াদি (২-৩ বছর) | দীর্ঘমেয়াদি (৪-৫ বছর) |
| ১১ টি | ৬০ টি | ১১ টি | ৬৭ টি | ৫৮ টি |

# স্বল্প মেয়াদী (জুলাই ২০১৯ থেকে জুন ২০20) কার্যক্রম

| ক্রম | কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ১। | এসএমই নীতি কৌশলসমূহ বাস্তবায়নে বিসিক স্থানীয় পর্যায়ে (বিভাগ, জেলা/উপজেলা) এসএমইএফ এর সাথে ফ্যাসিলিটিজ শেয়ার করা | বিসিক ও এসএমইএফ |
| ২। | বিসিক কর্তৃক নিজ কার্যালয়ে একটি কেন্দ্রীয় ওয়ান স্টপ সেবা কেন্দ্র স্থাপন এবং জেলা পর্যায়ের অন্য সব ওয়ান স্টপ সেবা কেন্দ্রের কর্মকাণ্ড সমন্বয়করণ | বিসিক |
| ৩। | ইনকিউবেটরের উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য পলিসি গাইডলাইন তৈরি এবং স্বল্প সময়ে তা চূড়ান্তকরণ | এসএমইএফ |
| ৪। | ক্লাস্টারসমূহের উন্নয়ন চাহিদা নিরূপণপূর্বক বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা | এসএমইএফ |
| ৫। | ই-কমার্সের জন্য গাইডলাইন তৈরি | আইসিটি বিভাগ |
| ৬ | হ্রাসকৃত ওয়েব ডোমেইন এর মাধ্যমে এসএমইকে সহায়তা | |
| ৭। | এসএমই এর জন্য ব্যান্ড উইডথ ফি কমানো | |
| ৮। | ই-কমার্স সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান | |

# স্বল্প মেয়াদী (জুলাই ২০১৯ থেকে জুন ২০২০) কার্যক্রম

| ক্রম | কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ৯। | স্ট্যান্ডার্ড/ইউনিফর্ম প্রশিক্ষণ কারিকুলাম তৈরি করা (এ ক্ষেত্রে বিএমইটি ও বিটিইবি কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড অনুসরণ করা যেতে পারে) | এনএসডিএ ও শিল্প মন্ত্রণালয় |
| ১০। | এনএসডিএ এর গাইডলাইনের আলোকে প্রশিক্ষণ কারিকুলাম ও কর্মসূচির সমন্বয় সাধন ও তদারকি করার লক্ষ্যে অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়ের নেতৃত্বে স্টিয়ারিং কমিটি গঠন | শিল্প মন্ত্রণালয় |
| ১১। | এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের একটি তথ্যভান্ডার তৈরি করা এবং তা এসএমই ওয়েবসাইটে প্রকাশ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |

# অধ্যায়-৬: নীতিমালা বাস্তবায়ন কৌশল

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য-১**<br>**ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর উন্নতিসাধন** | ▪ এসএমই ব্যবসা পরিচালনায় **আইনি ও প্রশাসনিক শর্ত** সহজীকরণ<br>▪ কর ব্যবস্থা **সহজীকরণ ও যৌক্তিকীকরণ**<br>▪ রপ্তানিমুখী এসএমই খাতকে **বিনিয়োগ ও রাজস্ব প্রণোদনা** প্রদান<br>▪ প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে **সমন্বয় জোরদারকরণ**; এবং<br>▪ বিসিক, এসএমই ফাউন্ডেশন এবং এসএমই সংশ্লিষ্ট ট্রেড বডি **শক্তিশালীকরণ** | ১। শিল্প মন্ত্রণালয়<br>২। স্থানীয় সরকার বিভাগ এবং স্ব স্ব দপ্তর<br>৩। জাতীয় রাজস্ব বোর্ড<br>৪। বাংলাদেশ ব্যাংক<br>৫। বিসিক<br>৬। এসএমই ফাউন্ডেশন |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য-২**<br>**প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তিতে এসএমই খাতের সুযোগ বৃদ্ধি** | ▪ এসএমই অর্থ প্রাপ্তি সুযোগ বৃদ্ধির জন্য **টেকসই ও কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** গড়ে তোলা<br>▪ **উদ্ভাবনীমূলক** এসএমই অর্থায়নে সহায়তা করা ও এসএমই ব্যাংক স্থাপন<br>▪ ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম শক্তিশালীকরণের মাধ্যমে **সহজশর্তে ও স্বল্পসুদে ঋণপ্রদান;**<br>▪ পুনঃ অর্থায়ন স্কীম শক্তিশালী করা<br>▪ এসএমই **ক্রেডিট গ্যারান্টি ফান্ড** চালুকরণ | ১। শিল্প মন্ত্রণালয়<br>২। অর্থ বিভাগ<br>৩। বাংলাদেশ ব্যাংক<br>৪। আইসিবি<br>৫। এসএমই ফাউন্ডেশন<br>৬। বিসিক |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য-৩**<br>**প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং এসএমই পণ্যের বাজার প্রবেশে সহায়তা** | ▪ এসএমই পণ্যের **গুণগতমান সংরক্ষণে** প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা<br>▪ এসএমই দের **প্রতিযোগিতা সক্ষমতা** বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা<br>▪ নতুন বাজার বিশ্লেষণ বিষয়ে পরামর্শ ও তথ্য সেবা<br>▪ রপ্তানি বাজারে এসএমই পণ্য **প্রবেশের** সুযোগ বৃদ্ধি<br>▪ উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে **এসএমই পণ্য মেলা** আয়োজন<br>▪ আঞ্চলিক এসএমই **পণ্য প্রদর্শনী কেন্দ্র** স্থাপন করা<br>▪ জাতীয় এসএমই **উদ্যোক্তা পুরস্কার** প্রদান করা | ১। স্থানীয় প্রশাসন<br>২। এসএমইএফ<br>৩। বিসিক<br>৪। এনপিও |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য-৪**<br>**এসএমই ব্যবসা সহায়ক সেবা, স্বল্প ব্যয় ও স্বল্প সময়ে স্টার্ট-আপ সহায়তা প্রদান** | ▪ কম খরচে ও স্বল্প সময়ে **স্টার্ট আপ/নতুন ব্যবসা** প্রতিষ্ঠায় সহায়তা প্রদান<br>▪ **অনলাইন/ডিজিটাল ব্যবস্থা** চালুর মাধ্যমে স্টার্ট-আপ প্রক্রিয়া সহজলভ্য করা<br>▪ **ওয়ান স্টপ** সেবাকেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে স্টার্টআপ নিশ্চিত করা<br>▪ এসএমই **ওয়েবসাইট** তৈরীর মাধ্যমে উদ্যোক্তাদের জন্য ব্যবসা সহায়ক সেবা বৃদ্ধি করা<br>▪ সম্ভাবনাময় উদ্যোক্তাদের **জামানতবিহীন ঋণ** প্রদান | ১। আইসিটি বিভাগ<br>২। স্ব স্ব দপ্তর<br>৩। বিসিক<br>৪। এসএমইএফ<br>৫। বিডা |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| <u>**কৌশলগত লক্ষ্য-৫**</u><br>**এসএমই ক্লাস্টারভিত্তিক উদ্যোগ নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ** | ▪ বিসিক শিল্পনগরী এবং এসএমই ক্লাস্টারসমূহে **অবকাঠামোগত** সুবিধাদির উন্নতি সাধন<br>▪ শিল্পনগরী এবং ক্লাস্টারসমূহে **ইনকিউবেশন সেন্টার ও কমন ফ্যাসিলিটি সেন্টার** স্থাপন<br>▪ ক্লাস্টারসমূহের **উন্নয়ন চাহিদা** নিরূপণপূর্বক **ক্লাস্টার উন্নয়ন ও ব্যবসা নেটওয়ার্কের** প্রসার ঘটানো<br>▪ শিল্পনগরী এবং ক্লাস্টারের সম্ভাবনাময় উদ্যোক্তাদের **জামানতবিহীন সিঙ্গেল ডিজিট** হারে অর্থায়ন<br>▪ উদ্যোক্তা ও কর্মীদের **দক্ষতা ও সক্ষমতা** বৃদ্ধি | ১। স্থানীয় প্রশাসন<br>২। অর্থ বিভাগ<br>৩। বাংলাদেশ ব্যাংক<br>৪। বিসিক<br>৫। এসএমইএফ |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য-৬**<br>**আইসিটি ও অন্যান্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি** | ▪ এসএমই দের সক্ষমতা উন্নয়নে **আধুনিক, পরিবেশবান্ধব ও জ্বালানি সাশ্রয়ী** প্রযুক্তির প্রসার ও ব্যবহার<br>▪ এসএমই দের **ই-কমার্সভিত্তিক** ব্যবসা সম্প্রসারণে সহায়তা প্রদান<br>▪ **আইসিটিভিত্তিক** সহায়তা প্রদানের মাধ্যমে এসএমই দের নতুন প্রযুক্তি গ্রহণ, ব্যবহার ও উদ্ভাবনে সহায়তা<br>▪ **প্রযুক্তি ও ইনোভেশন ইনকিউবেটর** স্থাপন | ১। শিল্প মন্ত্রণালয়<br>২। আইসিটি বিভাগ<br>৩। বিসিএসআইআর<br>৪। বিটাক<br>৫। এনপিও<br>৬। বিসিক<br>৭। এসএমইএফ |

# এসএমই নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| <u>**কৌশলগত লক্ষ্য-৭**</u><br>**এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচির প্রসার** | ▪ এসএমই খাতের জন্য উপযুক্ত **ব্যবসা প্রশিক্ষণ** কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন<br>▪ **স্ট্যান্ডারডাইজড** প্রশিক্ষণ মডিউল ও কারিকুলাম তৈরি<br>▪ এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের **তথ্যভান্ডার** তৈরী<br>▪ প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে কার্যকর **পারস্পারিক যোগাযোগ ও সহযোগিতা** বৃদ্ধি<br>▪ **নতুন উদ্যোক্তা ও ব্যবসা-উদ্যোগ উন্নয়ন** বিষয়ক কর্মসূচি পরিচালনা করা<br>▪ এসএমই প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি<br>▪ প্রশিক্ষণ কর্মসূচির মূল্যায়ন<br>▪ এসএমই প্রশিক্ষণ স্টিয়ারিং কমিটি গঠন | ১। শিল্প মন্ত্রণালয় ও এনএসডিএ<br>২। আইসিটি বিভাগ<br>৩। বিসিক<br>৪। এসএমইএফ<br>৫। এনপিও<br>৬। ইন্ডাস্ট্রি স্কিল কাউন্সিলসমূহ |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| <u>**কৌশলগত লক্ষ্য-৮**</u><br>**নারী উদ্যোক্তা উন্নয়নভিত্তিক কর্মসূচির প্রসার ও বিশেষায়িত সেবা প্রদান** | ▪ নারী উদ্যোক্তাদের **সক্ষমতা ও দক্ষতা** বৃদ্ধির লক্ষ্যে বিশেষায়িত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ<br>▪ নারী উদ্যোক্তাদের জন্য ঋণ প্রবাহ বৃদ্ধি ও বিশেষায়িত ঋণের ব্যবস্থা<br>▪ নারী উদ্যোক্তা **উন্নয়ন তহবিল** গঠন<br>▪ উইম্যান চেম্বার এবং সংশ্লিষ্ট ট্রেডবডিসমূহের **প্রাতিষ্ঠানিক সক্ষমতা** বৃদ্ধি<br>▪ **পুরস্কার এবং বৃত্তি প্রদানের** মাধ্যমে নারী উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ | ১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>২। বাংলাদেশ ব্যাংক<br>৩। বিসিক<br>৪। এসএমইএফ<br>৫। স্কিটি |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **কৌশলগত লক্ষ্য-৯**<br>**এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে প্রতিষ্ঠা এবং এসএমই পণ্যের সুরক্ষা প্রদান** | ▪ এসএমই খাতকে বৃহৎ শিল্পের **সংযোগ-শিল্প** হিসেবে গড়ে তোলা<br>▪ **সাব-কন্ট্রাক্টিং** এর মাধ্যমে এসএমই খাতের উন্নয়ন<br>▪ **আন্তর্জাতিক সার্টিফিকেশন** পেতে সহায়তা প্রদান<br>▪ এসএমই **পণ্য সুরক্ষায়** উদ্বুদ্ধকরণ এবং সহায়তা প্রদান | ১। শিল্প মন্ত্রণালয়<br>২। সিপিটিইউ<br>৩। বিএসটিআই<br>৪। ডিপিডিটি<br>৫। বিসিক<br>৬। এসএমইএফ |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| <u>**কৌশলগত লক্ষ্য-১০**</u><br>**পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমই দের সক্ষমতা উন্নয়ন** | ▪ **পরিবেশ বান্ধব** শিল্প প্রতিষ্ঠায় এসএমই দের উৎসাহিতকরণ এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান<br>▪ শিল্প **বর্জ্য ব্যবস্থাপনায়** এসএমই দের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও প্রণোদনা প্রদান<br>▪ পরিবেশ বান্ধব **শিল্প প্রযুক্তির** উন্নয়ন এবং ব্যবহার বৃদ্ধি<br>▪ বর্জ্য **পুনঃপ্রক্রিয়াজাতকরণ** শিল্প প্রতিষ্ঠায় এসএমই দের সহায়তা প্রদান | ১। পরিবেশ অধিদপ্তর<br>২। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট<br>৩। বিসিএসআইআর<br>৪। বিটাক<br>৫। বিসিক<br>৬। এসএমইএফ |

# নীতিমালা বাস্তবায়ন কৌশল চলমান

| কৌশলগত লক্ষ্য | কৌশলগত হাতিয়ার | প্রধান বাস্তবায়নকারী |
|---|---|---|
| **<u>কৌশলগত লক্ষ্য-১১</u>**<br>**এসএমই পরিসংখ্যানকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা** | ▪ জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের **অবদানের সঠিক পরিসংখ্যান** নিরূপণ<br>▪ এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন **সূচক/পরিসংখ্যানের** নিয়মিত হালনাগাদকরণ<br>▪ এসএমই খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের ওপর **গবেষণা কার্যক্রম** পরিচালনা<br>▪ গবেষণার মাধ্যমে এসএমই সংক্রান্ত বিভিন্ন **বই ও ডিরেক্টরি** প্রকাশ | ১। শিল্প মন্ত্রণালয়<br>২। বিবিএস<br>৩। ইপিবি<br>৪। বিসিক<br>৫। এসএমইএফ |

# প্রধান বাস্তবায়নকারী/বাস্তবায়ন সহযোগী সংস্থা

| সার্বিক বাস্তবায়নকারী | প্রধান বাস্তবায়নকারী | সহযোগি বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। বিসিক<br>২। এসএমইএফ | **মন্ত্রণালয়**<br>১। শিল্প মন্ত্রণালয়<br>২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সরকারি বিভাগ**<br>১। স্থানীয় সরকার বিভাগ<br>২। স্ব স্ব দপ্তর<br>৩। স্থানীয় প্রশাসন<br>৩। অর্থ বিভাগ<br>৪। আইসিটি বিভাগ<br>**অধিদপ্তর**<br>১। পরিবেশ অধিদপ্তর<br>২। বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | ১। প্রধানমন্ত্রীর কার্যালয়<br>২। এনএসডিএ সচিবালয়,<br>**মন্ত্রণালয়**<br>১। শিল্প মন্ত্রণালয়<br>২। পররাষ্ট্র মন্ত্রণালয়<br>৩। বাণিজ্য মন্ত্রণালয়<br>৪। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>**সরকারি বিভাগ**<br>১। মন্ত্রিপরিষদ বিভাগ<br>২। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>৩। অর্থ বিভাগ<br>৪। আইসিটি বিভাগ<br>৫। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ<br>৬। এলজিআরডি |

# বাস্তবায়নকারী/বাস্তবায়ন সহযোগী সংস্থা চলমান

| সার্বিক বাস্তবায়নকারী | প্রধান বাস্তবায়নকারী | সহযোগি বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **সরকারি সংস্থা**<br>১। এনবিআর<br>২। এনপিও<br>৩। বিডা<br>৪। বিসিএসআইআর<br>৫। সিপিটিইউ<br>৬। বিএসটিআই<br>৭। ডিপিডিটি<br>৮। বিবিএস<br>৯। রপ্তানি উন্নয়ন ব্যুরো<br>১০। বিটাক<br>১১। স্কিটি<br>১২। এনএসডিএ<br>১৩। সিপিটিইউ | **সরকারি সংস্থা**<br>১। বিসিক<br>২। এসএমইএফ<br>৩। বিসিএসআইআর<br>৪। বিএসটিআই<br>৫। বিবিএস<br>৬। বিটাক<br>৭। রপ্তানি উন্নয়ন ব্যুরো<br>৮। স্কিটি<br>৯। বিএফটিআই<br>১০। বিআইএম<br>১১। বিএমইটি<br>১২। বিটিইবি<br><br>**কমিশন**<br>১। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন |

# বাস্তবায়নকারী/বাস্তবায়ন সহযোগী সংস্থা চলমান

| সার্বিক বাস্তবায়নকারী | প্রধান বাস্তবায়নকারী | সহযোগি বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **ব্যাংক**<br>১। বাংলাদেশ ব্যাংক<br>২। আইসিবি<br>**ইন্ডাস্ট্রি কাউন্সিল**<br>১। ইন্ডাস্ট্রি স্কিল কাউন্সিলসমূহ | **কাউন্সিল**<br>১। বিসিসি<br>**শিক্ষা প্রতিষ্ঠান**<br>বুয়েট,<br>**ব্যাংক**<br>১। বাংলাদেশ ব্যাংক<br>২। বাণিজ্যিক ব্যাংকসমূহ,<br>**এনজিও**<br>ব্র্যাক |

# বাস্তবায়নকারী/বাস্তবায়ন সহযোগী সংস্থা চলমান

| সার্বিক বাস্তবায়নকারী | প্রধান বাস্তবায়নকারী | সহযোগি বাস্তবায়নকারী |
|---|---|---|
| | | **ব্যবসা/বানিজ্য সংগঠন**<br>১। এফবিসিসিআই<br>২। নাসিব<br>৩। বিসিআই<br>৪। বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ<br>৫। বিসিসিআই<br>৬। ডব্লিউইএবি<br>৭। স্থানীয় অ্যাসোসিয়েশন<br>৮। বেসিস<br>৯। বিকেএমইএ<br>১০। বিজিএমইএ<br>১১। ক্লাস্টার অ্যাসোসিয়েশন<br>১২। এসএমই উইমেন অ্যাসোসিয়েশন<br>১৩। চেম্বারসমূহ<br>১৪। ট্রেড বডিজ |

# অধ্যায়-৭: কৌশল বাস্তবায়ন: মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা

## সরকারের ভূমিকা

১। সহায়ক অনুকূল **পরিবেশ সৃষ্টি এবং অবকাঠামোগত** সুবিধাদি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান

**২। প্রাতিষ্ঠানিক অর্থায়ন** সুবিধা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি

৩। বেসরকারি খাতের সাথে **অংশীদারিত্ব**

৪। কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী প্রধান এবং গুরুত্বপূর্ণ সংস্থাসমূহের অনুকূলে এসএমই **উন্নয়ন তহবিল বরাদ্দ**

৫। নীতিমালার বাস্তবায়নে **নেতৃত্ব দেওয়া** এবং এসএমই উন্নয়নে জাতীয় ও আন্তর্জাতিক অংশীজনদের কাছে এসএমই **উন্নয়ন** কাযক্রম তুলে ধরার প্রচেষ্টা অব্যাহত রাখা

## শিল্প মন্ত্রণালয়ের ভূমিকা

- সার্বিক পরিবীক্ষন
- এসএমই শিল্প সংক্রান্ত **তথ্য ব্যাংক** প্রতিষ্ঠাকরণ
- এসএমই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমের **সমন্বয় সাধন**

# কৌশল বাস্তবায়ন: মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা চলমান

**বাস্তবায়নকারী সংস্থা:** বিসিক, এসএমই ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট ট্রেডবডিসমূহ

- এসএমই নীতিমালা ২০১৯ এ বর্ণিত কৌশলগত লক্ষসমূহ ও কর্মপরিকল্পনা **সার্বিক বাস্তবায়নের দায়িত্ব বিসিক এবং এসএমই ফাউন্ডেশনের** ওপর ন্যস্ত থাকবে
- বিসিক নিজস্ব কৌশলগত কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে সহযোগী বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করবে
- এস এম ই ফাউন্ডেশন নিজস্ব কৌশলগত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শিল্প মন্ত্রণালয়কে অবহিত করে সহযোগী বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করবে
- শিল্প মন্ত্রণালয় নিয়মিতভাবে বিসিক ও এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে এবং সরকারি আর্থিক ও অন্যান্য সহযোগিতার ব্যবস্থা করবে

# কৌশল বাস্তবায়ন: মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা চলমান

**অন্যান্য সংস্থার সাথে সমন্বয়**

- এসএমই ফাউন্ডেশন ও বিসিক **কার্যকর সহযোগিতামূলক পরিবেশ** সৃষ্টি করবে
- অধিক্রম বা একই **কাজের যুগপৎ সংঘটন এড়াতে ও ব্যয় কমাতে** অন্যান্য সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা
- এসএমই উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য অ্যাসোসিয়েশন ও চেম্বারসমূহের সাথে **কার্যকর সহযোগিতামূলক কার্যক্রম** নিশ্চিত করা হবে

ধন্যবাদ